

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২১৪২

আগরতলা, ১১ ডিসেম্বর, ২০২৪

রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রম

ইন্দুরাইল হলাম বস্তি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে সচেতনতামূলক আলোচনা সভা



জলেবাসা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের অন্তর্গত ইন্দুরাইল হলাম বস্তি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গতকাল রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রম এর স্বাস্থ্য কর্মীরা বিভিন্ন অঙ্গনওয়াড়ি কেন্দ্রে ২০ জন শিশুদের নিয়মিত রুটিন স্ক্রিনিং করেন। উক্ত স্ক্রিনিংয়ে শিশুদের সর্দি কাশি জ্বর নিউমোনিয়া ডায়রিয়া রোগের চিকিৎসা এবং জন্মগত শারীরিক ত্রুটি হৃদরোগের মত বিভিন্ন জটিল রোগের স্ক্রিনিং করেন। এই স্ক্রিনিং য়ে রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের চিকিৎসক ডাঃ অভিনব ধর এবং ডাঃ দেবস্মিতা উপস্থিত ছিলেন। এই দিন স্বাস্থ্য পরীক্ষার পাশাপাশি উপস্থিত অভিভাবকদের চিকিৎসকগণ শিশুদের আয়োডিনযুক্ত খাবার খাওয়ার জন্য পরামর্শ দেন। এই অনুষ্ঠানে আয়োডিনের ঘাটতি থেকে শিশুদের বাঁচাতে আয়োডিনযুক্ত লবণ ব্যবহার করার জন্য উপস্থিত সকল অভিভাবকদের পরামর্শ দেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
